# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৭৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুক্তাদীদের মাঝে যারা জ্ঞানী তাদেরকে ইমামের পিছনে দাঁড়ানোর নির্দেশ

## ذِكْرُ الْأَمْرِ لِلْمَأْمُومِينَ أَنْ يَقِفَ مِنْهُمْ وَرَاءَ الْإِمَامِ أُولُو الْأَحْلَامِ وَالنُّهَى

আরবী

2177 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ زُهَيْرٍ أَبُو يَعْلَى بِالْأُبُلَّةِ قَالَ: حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيِّ بْنِ نَصْرٍ قَالَ: أَخْبَرَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ عَنْ خَالِدٍ الْحَذَّاءِ عَنْ أَبِي مَعْشَرٍ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لِيَلِيَنِّي مِنْكُم أُولُو الْأَحْلَامِ وَالنُّهَى ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ وَلَا تَخْتَلِفُوا فَتَخْتَلِفَ قُلُوبُكُمْ وإِيَّاكم وهَيْشَاتِ الأسوَاقِ).

الراوي : عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2177 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (679): م.

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبُو مَعْشَرٍ هَذَا زِيَادُ بْنُ كُلَيْبٍ كُوفِيٌّ ثِقَةٌ وَلَيْسَ هَذَا بِأَبِي مَعْشَرٍ السِّنْدِيِّ فَإِنَّهُ مِنْ ضعفاء البغداديين

বাংলা

২১৭৭. আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমাদের মধ্যে জ্ঞানী লোকেরা আমার কাছাকাছি দাঁড়াবে, তারপর যারা তাদের চেয়ে কম জ্ঞানী, তারপর যারা তাদের চেয়ে কম জ্ঞানী। তোমরা তোমাদের কাতারগুলো অসমান করো না, অন্যথায় তোমাদের অন্তরগুলো মতভেদপ্রবণ হয়ে যাবে। আর তোমরা বাজারের মতো হৈচৈ করা থেকে বেঁচে থাকবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসের রাবী আবূ মা‘শার নাম যিয়াদ বিন কুলাইব কুফী, তিনি একজন নির্ভরযোগ্য রাবী। তিনি আবূ মা‘শার সিন্ধী নন, কেননা এই রাবী বাগদাদের দুর্বল রাবীদের একজন।”

## ফুটনোট

[1] তিরমিযী: ২২৮; সহীহ খুযাইমাহ: ১৫৭২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮২১; মুসনাদ আহমাদ: ১/৪৭৫; সহীহ মুসলিম: ৪৩২; আবূ দাঊদ: ৬৭৫; দারেমী: ১/২৯০; আবূ আওয়ানা: ২/৪২; তাবারানী: ১০০৪; বাইহাকী: ৩/৯৬-৯৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৭৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91495

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন